# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যাদের কথা বর্ণনা করলাম, তাদের ভাইদের নিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে রাকা‘আত সালাত আদায় করেছেন, তারা সেই রাকা‘আত সালাত কাযা করেননি বরং তারা এক রাকা‘আতের উপর ক্ষ্যান্ত থেকেছেন

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْقَوْمَ الَّذِينَ وَصَفْنَاهُمْ لَمْ يَقْضُوا الرَّكْعَةَ الَّتِي رَكَعَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِإِخْوَانِهِمْ بَلِ اقْتَصَرُوا عَلَى رَكْعَةٍ وَاحِدَةٍ لهم

---

আরবী

2860 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ: حَدَّثَنِي أَبُو بَكْرِ بْنُ أَبِي الْجَهْمِ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى بِذِي قَرَد فَصَفَّ النَّاسُ خَلْفَهُ صَفَّيْنِ: صَفٌّ خَلْفَهُ وصَفٌّ مُوَازِي الْعَدُوِّ فَصَلَّى بِالصَّفِّ الَّذِي يَلِيهِ رَكْعَةً ثُمَّ رَجَعَ هَؤُلَاءِ إِلَى مَصَافِّ هَؤُلَاءِ وَجَاءَ هَؤُلَاءِ إِلَى مَصَافِّ هَؤُلَاءِ فَصَلَّى بهم ركعة ولم يقضوا.
الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2860 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1133).

বাংলা

২৮৬০. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যুকারাদ নামক জায়গায় (ভীতিকালীন) সালাত আদায় করেছেন। লোকজন তাঁর পিছনে দুই কাতার বদ্ধ হন; এক কাতার তাঁর পিছনে আরেক কাতার শত্রুর মুখোমুখি। তিনি তাঁর কাছের কাতারের সাহাবীদের নিয়ে এক রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তারা অন্য কাতারের সাহাবীদের কাছে যান, আর তারা প্রথম কাতারের জায়গায় আসেন। অতঃপর তিনি তাদের নিয়ে এক রাকা‘আত সালাত আদায় করেন। তারা (বাকী এক রাকা‘আত সালাত) কাযা করেননি।”[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ৩/১৬৯; হাকিম: ১/৩৩৫; মুসনাদ আহমাদ: ১/২৩২; তাহাবী: ১/৩০৯; সুনান বাইহাকী: ৩/২৬২; তাবারী: ১০৩৩৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92190

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন